

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৫/০৫/২০১৯ খ্রিষ্টাব্দ

### আন্তর্জাতিক জাদুঘর দিবস উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরে দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন

আগামী ১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবস উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করেছে। সকাল ৯.৩০ মিনিট থেকে বর্ণাঢ্য র্যালি, জাদুঘরের ভবনের তৃতীয় তলায় নবসজ্জিত অস্ত্রশস্ত্র গ্যালারি উদ্বোধন, শিক্ষার্থীদের অংশগ্রহণে ‘আমার দেখা জাদুঘর’ শীর্ষক রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ, নতুন কলেবরে মুদ্রিত ‘জাদুঘর সমাচার’-এর মোড়ক উন্মোচন এবং ‘নলিনীকান্ত ভট্টশালী: বাংলার প্রত্নগবেষণায় একনিষ্ঠ সাধক’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বর্ণাঢ্য অনুষ্ঠানমালার উদ্বোধন করবেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিশিষ্ট গবেষক ও জাহাজীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. এ কে এম শাহনেওয়াজ। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট লেখক ও গবেষক জনাব আলী ইমাম, বিশিষ্ট ইতিহাসবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন, বিশিষ্ট ইতিহাসবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু অধ্যাপক ড. মুনতাসীর মামুন, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশের সভাপতি ও বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য অধ্যাপক মাহফুজা খানম এবং বিশিষ্ট ফোকলোরবিদ ও বঙ্গবন্ধু অধ্যাপক শামসুজ্জামান খান। সেমিনারে সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান।

উক্ত অনুষ্ঠানমালায় সংবাদ গ্রহণের জন্য আপনার বহল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশ জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা